

নায়েমের ইএফটিএন সেবা উদ্বোধন করলেন শিক্ষামন্ত্রী

ঢাকা, ২০ ডিসেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ ঢাকায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) অডিটোরিয়ামে এর প্রশিক্ষার্থীদের জন্য 'ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (ইএফটিএন)' সেবা উদ্বোধন করেছেন।

ইএফটিএন পদ্ধতি উদ্বোধন করে শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ গড়ার যে উদ্যোগ নিয়েছিলেন, তার ফলেই বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাইজেশন ঘটছে। ডিজিটাল বাংলাদেশ এখন বাস্তব সত্য, ডিজিটাল সেবা এখন বাস্তবতা। ৩৫ হাজার স্কুলে মাল্টিমিডিয়া ক্লাস চালু করা হয়েছে। প্রতিটি পাবলিক পরীক্ষার ফলাফল ডিজিটাল পদ্ধতিতে প্রদান করা হচ্ছে।

তিনি বলেন, আধুনিক জ্ঞান-প্রযুক্তি প্রয়োগ করে দেশকে এগিয়ে নিতে হবে। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ নির্মাণের লক্ষ্য অর্জনে সবাইকে একসাথে কাজ করতে হবে। রূপালী ব্যাংকের সহায়তায় পরিচালিত ইএফটিএন কার্যক্রমকে একটি বিশেষ উদ্যোগ উল্লেখ করে তিনি বলেন, এর ফলে প্রশিক্ষার্থীগণ দ্রুততম সময়ে তাদের প্রশিক্ষণ ভাতা পাবেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের মূল লক্ষ্য নতুন প্রজন্মকে গড়ে তোলা। যাতে ভবিষ্যতের জন্য যোগ্য নেতৃত্ব তৈরি হতে পারে। তাহলে প্রকৃত অর্থেই একটি মর্যাদাশীল, উন্নত রাষ্ট্র গঠন সম্ভব হবে।

নায়েমের মহাপরিচালক প্রফেসর মো. হামিদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রূপালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. আতাউর রহমান প্রধান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান বক্তব্য রাখেন।

উল্লেখ্য, নায়েম আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষণ ভাতার চেক প্রদান/প্রেরণের ক্ষেত্রে সেবা সহজীকরণের জন্য বর্তমান সরকারের সময়োপযোগী উদ্ভাবন 'ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক' (ইএফটিএন) পদ্ধতিতে প্রশিক্ষার্থীদের স্ব স্ব ব্যাংক হিসাবে দ্রুততম সময়ে স্থানান্তর করা সম্ভব হবে। এর ফলে প্রশিক্ষার্থীগণের চেক প্রাপ্তিতে ন্যূনতম ২/৩ (দুই/তিন) মাস সময় সাশ্রয় হবে। এ উদ্যোগে রূপালী ব্যাংক লিমিটেড সহায়তা প্রদান করবে।